সংশোধিত

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি

স্মারক নম্বর : রাশিবো/মাধ্য:পরীক্ষা-১/পনি-৯/১০৩১ তারিখ :১৯/০৩/২০২৫ খ্রি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী - এর ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০ টা থেকে ০১ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২ টা থেকে ৫ টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)-১ম পত্র<br>২। সহজ বাংলা-১ম পত্র | ১০১<br>১০৩ | ১০/০৪/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক)-১ম পত্র | ১০৭ | ১৫/০৪/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক)-২য় পত্র | ১০৮ | ১৭/০৪/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ২১/০৪/২০২৫<br>সোমবার | × | × |
| ১। ইসলাম ও নৈতিক শিক্ষা<br>২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা | ১১১<br>১১২<br>১১৩<br>১১৪ | ২২/০৪/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১৫৪ | ২৩/০৪/২০২৫<br>বুধবার | × | × |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষিশিক্ষা (তত্ত্বীয়)<br>৩। সঙ্গীত (তত্ত্বীয়)<br>৪। আরবি<br>৫। সংস্কৃত<br>৬। পালি<br>৭। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)<br>৮। চারু ও কারুকলা (তত্ত্বীয়) | ১৫১<br>১৩৪<br>১৪৯<br>১২১<br>১২৩<br>১২৪<br>১৩৩<br>১৪৮ | ২৪/০৪/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ২৭/০৪/২০২৫<br>রবিবার | × | × |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ২৯/০৪/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ৩০/০৪/২০২৫<br>বুধবার | × | × |
| ১। উচ্চতর গণিত (তত্ত্বীয়)<br>২। বিজ্ঞান | ১২৬<br>১২৭ | ০৪/০৫/২০২৫<br>রবিবার | × | × |
| ১। জীববিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ০৬/০৫/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। হিসাববিজ্ঞান | ১৪৬ | ০৭/০৫/২০২৫<br>বুধবার | × | × |
| ১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১৫০ | ০৮/০৫/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। বাংলা (আবশ্যিক)-২য় পত্র<br>২। সহজ বাংলা-২য় পত্র | ১০২<br>১০৪ | ১৩/০৫/২০২৫<br>মঙ্গলবার | × | × |

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| বিষয় ও কোড | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২. সঙ্গীত (১৪৯) সহ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৫/০৫/২০২৫ হতে ২২/০৫/২০২৫ পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে)। পরীক্ষা শেষ হওয়ার পর Online- এ নম্বর এন্ট্রি করতে হবে এবং ফাইনাল সাবমিট করে ২৫/০৫/২০২৫ তারিখের মধ্যে হাতে হাতে স্বাক্ষরলিপি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বই বেঁধে মাধ্যমিক পরীক্ষা শাখায় এবং ব্যবহারিক উত্তরপত্র, হাতে লেখা নম্বরপত্র ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি স্ক্রিপ্ট শাখা রাজশাহী শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০ টা থেকে পরীক্ষা শুরু হবে। | স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্রে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে) | ১. সঙ্গীত বিষয়ের সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীকে প্রবেশপত্র, নিবন্ধনপত্র, বাদ্যযন্ত্র, তবলাবাদক ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ০৯.৩০ মিনিটের মধ্যে কেন্দ্রে উপস্থিত হতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য শুধু ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। |

**বিশেষ নির্দেশাবলি**

১। পরীক্ষা শুরুর ৩০(ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল(CQ)/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না। ব্যবহারিকযুক্ত বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২৫ মিনিট এবং ব্যবহারিক ছাড়া (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট ও ব্যবহারিকযুক্ত সৃজনশীল পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩৫ মিনিট ও ব্যবহারিক ছাড়া সৃজনশীল পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।

৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা শুরুর কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।

৫। সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (বিষয় কোড-১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (বিষয় কোড-১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে Online- এ প্রেরণ করবে।

৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাশ করতে হবে।

৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক(তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর (Non-Programmable) ব্যবহার করতে পারবে।

১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না।

১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।

১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

**পরীক্ষার ফল প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে পুন:নিরীক্ষার জন্য Online- এ SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।**

১৭/৩/২০২৫

**প্রফেসর মো. আরিফুল ইসলাম**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন- ০২৫৮৮৮৫৬২৩১

স্মারক নম্বর : রাশিবো/মাধ্য:পরীক্ষা-১/পনি-৯/১০৩১(৫০০) তারিখ : ১৯/০৩/২০২৫ খ্রি:

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪। ডি.আই.জি অব পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫। পুলিশ কমিশনার, আর.এম.পি, রাজশাহী
৬। পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী/সিনিয়র উর্দ্ধতন পোস্টমাস্টার, রাজশাহী জিপিও, রাজশাহী
৭। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিম অঞ্চল, রাজশাহী
৮। জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০। পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১২। রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
১৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর সকল কর্মকর্তা
১৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৬। রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১৭। রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্রের সকল কেন্দ্র সচিব
১৮। রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ
১৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২০। অফিস নথি

**মো. মুঞ্জুর রহমান খান**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন- ০২৫৮৮৮৫৫৮৫১